দৈনিক ইত্তেফাক

তারিখ FEB 12 2000
পৃষ্ঠা ৫ কলাম ৪

20

## নবম-দশম শ্রেণীর ইংরেজি পাঠ্য পুস্তকে

অধুনা পাঠ্য পুস্তকে একটি অযৌক্তিক প্রশ্ন তৈরী করা হইয়াছে (অনুশীলন-৬৭, পৃষ্ঠা-১৯৯-'দি পাইড পাইপার অফ্ হ্যামেলিন)। প্রশ্নঃ (১-গ্রুপ ওয়ার্ক)-নং-বি বংশী বাদককে অর্থ না দেওয়ার জন্য মেয়র কী অজুহাত দেখাইলেন? কিন্তু অনুচ্ছেদে মেয়র সরাসরি কোন অভিমত ব্যক্ত করেন নাই। তিনি (মেয়র) সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন নাই। পাঠকদের সুবিধার্থে পৃষ্ঠা ১৯৯ হইতে অনুচ্ছেদটির অংশ বিশেষের বঙ্গানুবাদ প্রদত্ত হইলঃ

বংশীবাদক টাউন হলে ফিরিয়া আসিলেন। মেয়র এবং তাঁহার উপদেষ্টাবর্গ সেখানে বসিয়াছিলেন। তিনি (বংশীবাদক) তাহাদিগকে বলিলেন, "দয়া করিয়া আমার হাজার গিল্ডার দিন।" কিন্তু অর্থ প্রদান করিতে অনিচ্ছুক থাকায় তাঁহারা তর্ক শুরু করিলেন, তাঁহারা বাহানা তৈরী করিতে শুরু করিলেন। একজন বলিলেন, "আপনি যাহা চাহেন, তাহা দিলে আমাদের কোন টাকা থাকিবে না।" অপর একজন বলিলেন, "অতি স্বল্প সময় লাগিয়াছে, এমন একটা কাজের জন্য নিশ্চয়ই আপনি এত টাকা দাবী করিতে পারেন না, "নদীই আপনার কাজের অর্ধেকের বেশী করিয়া দিয়াছে। যদি ওয়েসার (নদী) এত কাছে না থাকিত, তবে আপনি কী করিতেন? আসুন, পঞ্চাশ (গিল্ডার) নিন।"

বংশীবাদক রাগান্বিত হইলেন। তিনি বলিলেন, "ঠিক আছে, আপনাদের গিল্ডার রাখুন ....."

এখানে মেয়রের কোন প্রত্যক্ষ বাচনিক মন্তব্য বা উক্তি নাই। বিষয়টির প্রতি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**অবনী মোহন সরকার,**
শান্তিভবন, পালপাড়া, নাটোর।